

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণি

ভূগোল

পূর্ণমান : ২০

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×৩=৩
- ১.১ বায়ুমণ্ডলের যে স্তরে প্রতিনিয়ত পরিবর্তনশীল আবহাওয়া লক্ষ করা যায় সেটি হলো —
- (ক) আয়নোস্ফিয়ার (খ) স্ট্র্যাটোস্ফিয়ার  
(গ) এক্সোস্ফিয়ার (ঘ) ট্রোপোস্ফিয়ার।
- ১.২ যে বায়ুকে তুষার ভক্ষক বলা হয় তা হলো —
- (ক) লু (খ) আঁধি  
(গ) চিনুক (ঘ) খামসিন।
- ১.৩ উপক্রান্তীয় উচ্চচাপ বলয় অবস্থান করে —
- (ক)  $৬০^\circ - ৭০^\circ$  উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে (খ)  $২৫^\circ - ৩৫^\circ$  উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে  
(গ)  $১০^\circ - ২০^\circ$  উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে (ঘ)  $৭০^\circ - ৮০^\circ$  উত্তর ও দক্ষিণ অক্ষরেখার মধ্যে।
- ২.১ বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখো : ১×৩=৩
- ২.১.১ কোনো নির্দিষ্ট আয়তনের বায়ুতে যে পরিমাণ জলীয় বাষ্প থাকে তাকে ঐ বায়ুর আপেক্ষিক আর্দ্রতা বলে।  
২.১.২ দক্ষিণ গোলার্ধে স্থলভাগের বিস্তার বেশি হওয়ার কারণে পশ্চিমা বায়ু অপ্রতিহত গতিতে প্রবাহিত হয়।  
২.১.৩ সমুদ্রবায়ু দিনের বেলায় প্রবাহিত হয়।
- ২.২ একটি বা দুটি শব্দে উত্তর দাও : ১×২=২
- ২.২.১ একই উন্নতায়ুক্ত স্থানগুলিকে মানচিত্রে যে রেখা দ্বারা যুক্ত করা হয় তাকে কী বলে?  
২.২.২ কোন যন্ত্রের সাহায্যে বায়ুর চাপ পরিমাপ করা হয়?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪
- ৩.১ কুয়াশাকে কেন অধঃক্ষেপণ বলা হয় না?  
৩.২ বিশ্ব উষ্ণায়নের দুটি প্রভাব উল্লেখ করো।
৪. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৩×১=৩
- কীভাবে কোনো একটি স্থানের উচ্চতা সেই অঞ্চলের বায়ুমণ্ডলের তাপমাত্রাকে প্রভাবিত করে?
৫. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৫×১=৫
- চিত্রসহ উন্নততার তারতম্যের ভিত্তিতে বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরের সংক্ষিপ্ত বিবরণ দাও।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।